

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৮৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৮৮]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَابُ السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৫১: আর এক প্রকার দরুদ

نوع آخر

আরবী

أَخْبَرَنَا الْقَاسِمُ بْنُ زَكَرِيَّا بْنِ دِينَارٍ مِنْ كِتَابِهِ، قَالَ: حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ، عَنْ زَائِدَةَ، عَنْ سُلَيْمَانَ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ كَعْبِ بْنِ عُجْرَةَ، قَالَ: قُلْنَا: يَا رَسُولَ اللَّهِ، السَّلَامُ عَلَيْكَ قَدْ عَرَفْنَاهُ فَكَيْفَ الصَّلَاةُ، قَالَ: قُولُوا: اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، قَالَ ابْنُ أَبِي لَيْلَى: وَنَحْنُ نَقُولُ وَعَلَيْنَا مَعَهُمْ، قَالَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ: حَدَّثَنَا بِهِ مِنْ كِتَابِهِ وَهَذَا خَطَأٌ.

تخريج دارالدعوة: صحيح البخارى/أحاديث الأنبياء ١٠ (٣٣٧٠)، تفسير الأحزاب ١٠

(٤٧٩٧)، الدعوات ٣٢ (٦٣٥٧)، صحيح مسلم/الصلاة ١٧ (٤٠٦)، سنن أبى

داود/الصلاة ١٨٣ (٩٧٦، ٩٧٧، ٩٧٨)، سنن الترمذى/الصلاة ٢٣٤ (٤٨٣)، سنن ابن

ماجه/الإقامة ٢٥ (٩٠٤)، (تحفة الأشراف: ١١١١٣)، مسند احمد ٤/٢٤١، ٢٤٣، ٢٤٤،

سنن الدارمى/الصلاة ٨٥ (١٣٨١) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1288 - صحيح

বাংলা

১২৮৭. কাসিম ইবনু যাকারিয়া ইবনু দীনার (রহ.) কা'ব ইবনু উজরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা বললাম, হে আল্লাহর রসূল! আপনাকে সালাম কিভাবে পাঠাতে হয় তা তো আমরা জানি, কিন্তু (আপনার ওপর) দরুদ কিভাবে পড়ব? তিনি বললেন, তোমরা বল-

“আল্লাহ-হুম্মা সল্লি আলা মুহাম্মাদিওঁ ওয়া আলা আ-লি মুহাম্মাদিন কামা- সল্লায়তা 'আলা- আ-লি ইবর-হীমা ইল্লাকা হামীদুম মাজীদ। আল্লাহ-হুম্মা বারিক 'আলা- মুহাম্মাদিওঁ ওয়া আলা আ-লি মুহাম্মাদিন কামা- বা-রকতা 'আলা- আ-লি ইবর-হীমা ইল্লাকা হামীদুম মাজীদ” (হে আল্লাহ! মুহাম্মাদ (সা.) -এর ওপর এবং তাঁর বংশধরদের ওপর রহমত বর্ষণ কর, যেরূপ ইবরাহীম (আঃ) এবং তাঁর বংশধরদের ওপর রহমত বর্ষণ করেছে। নিশ্চয় তুমি প্রশংসিত ও সম্মানিত। হে আল্লাহ! মুহাম্মাদ (সা.)-এর ওপর এবং তার বংশধরদের ওপর বরকত দান কর, যেরূপ ইবরাহীম (আঃ) এবং তার বংশধরদের ওপর বরকত দান করেছে। নিশ্চয় তুমি প্রশংসিত ও সম্মানিত।)। ইবনু আবু লায়লা (রহ.) বলেন, আমরা বলে থাকি তাদের সাথে আমাদের ওপরেও (রহমত এবং বরকত বর্ষণ কর)। আবু আবদুর রহমান [নাসায়ী (রহ.)] বলেন, আমার উস্তায কাসিম ইবনু যাকারিয়া উল্লিখিত হাদীস এ সনদ সূত্রে রিওয়ায়াত করেছিলেন, কিন্তু এ সনদটি ভুল।

English

51. Another Version

It was narrated that Ka'b bin 'Ujrah said: We said: 'O Messenger of Allah (ﷺ), we know about sending salams upon you, but how should we send salah upon you?' He said: Say: 'Alahumma salli 'ala Muhammad wa 'ala ali Muhammad, kama sallaita 'ala Ibrahim wa barik 'ala Muhammad kama barakta 'ala ali Ibrahim fil-'alamin, innaka hamidun majid (O Allah, send salah upon Muhammad and upon the family of Muhammad, as You sent salah upon the family of Ibrahim, and send blessings upon Muhammad and upon the family of Muhammad as You sent blessings upon the family of Ibrahim among the nations. You are indeed Worthy of praise, Full of glory.)' (One of the narrators) Ibn Abi Laila said: We used to say: 'And also upon us.' Abu Abdur-Rahman (An-Nasa'I) said: It was narrated from his book, and this is a mistake.

ফুটনোট

সহীহ: বুখারী ৪৭৯৭-৪৭৯৮, মুসলিম ৪০৬, ইবনু মাজাহ ৯০৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87681>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন